গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০৪১.৯৯.০৭৪.২৪.১৪১৬

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা প্রদান।**

সূত্র: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৬২ ১৩ নভেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের গত ১৩.১১.২০২৪ তারিখের ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪.৪৬২ নং স্মারকের আধা-সরকারি পত্রে বর্ণিত ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানে জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের আধা-সরকারি পত্র।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) Planning Ministry

২০-১১-২০২৪
কামরুন নাহার
উপসচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর , যুব উন্নয়ন অধিদপ্তর।
২। অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ।
৬। পরিচালক, পরিচালকের দপ্তর, ক্রীড়া পরিদপ্তর।
৭। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।
৮। সচিব, সচিবের দপ্তর, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০৪১.৯৯.০৭৪.২৪.১৪১৬/১ (৩)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

৩। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

২০-১১-২০২৪
কামরুন নাহার
উপসচিব

মোঃ মাহবুব হোসেন
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ফোনঃ ৫৫০০৭৩৭৩
মোবাইলঃ ০১৩০৯০১১৩৩৩
ই-মেইলঃ secy@sid.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৬২

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দু'টি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। ৪র্থ অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। শুমারির গণনা এলাকার ম্যাপ প্রস্তুতের পাশাপাশি ইতোমধ্যে দেশের ১ কোটি ২২ লক্ষের অধিক অর্থনৈতিক ইউনিট তালিকাভুক্ত করা হয়েছে। সারাদেশে প্রায় ৯৫,০০০ তথ্যসংগ্রহকারী, ১৯,০০০ সুপারভাইজার, ২,৬০০ আইটি সুপারভাইজার এবং ২,৬০০ জোনাল অফিসার প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অস্থায়ীভাবে এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। এ কার্যক্রম বিবিএস কর্তৃক পরিচালনা করা হলেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার কর্মচারীগণও নিয়োজিত রয়েছেন। জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও এর অধীন সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও এর অধীন সংস্থার কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

আন্তরিকভাবে আপনার

মোঃ মাহবুব হোসেন

জনাব মো: রেজাউল মাকছুদ জাহেদী
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।